



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd



স্মারক নং-১৬.০২.০০০০.০৭৫.৩১.৬৮৩.২৬/

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২
০১ এপ্রিল ২০২৬

বিষয়:-ভোলা জেলার বোরহান উদ্দিন উপজেলাধীন বোরহান উদ্দিন চৌধুরী ওয়াক্ফ এস্টেটের (ই.সি.নং-১৬৮৩) মোতাওয়াল্লী মোতাওয়াল্লী নিয়োগ প্রসঙ্গে।

- সূত্র:-১। জনাব শামিম আহমেদ চৌধুরী কর্তৃক দাখিলকৃত গত ১৪.০৫.২০২৫ ও ২৪.০৯.২০২৫ খ্রি: তারিখের মোতাওয়াল্লী নিয়োগের আবেদন।
২। জনাব জিন্না চৌধুরী গং কর্তৃক দাখিলকৃত গত ০৯.০৯.২০২৫ ও ২১.১০.২০২৫ খ্রি: তারিখের আবেদন।
৩। জনাব মোঃ মাহাবুব চৌধুরী গং দাখিলকৃত গত ১০.১১.২০২৫ খ্রি: তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে যেহেতু মোতাওয়াল্লীর মেয়াদ গত ২৫.০৪.২০২৫ তারিখে উত্তীর্ণ হয়ে গেছে সেহেতু এস্টেটের উন্নয়ন ও সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে জনাব শামিম আহমেদ চৌধুরী নোমানকে ৩১.০৩.২০২৬ তারিখ হতে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে তাঁকে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য মোতাওয়াল্লী নিয়োগ করা হলো।

:- শর্তসমূহ :-

০১. ওয়াক্ফ অধ্যাদেশ, ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিল অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে;
০২. ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন (০৫%) প্রতি অর্থবছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিক ভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
০৩. প্রতিবছর ১৫ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
০৪. ওয়াক্ফ এস্টেটের নামে যেকোন তফসিলি ব্যাংকে একটি ব্যাংক হিসাব খুলে সকল প্রকার লেনদেন ঐ হিসাবের মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০৫. ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ব (Record of Rights) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবেনা;
০৬. ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে মোতাওয়াল্লী দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
০৭. এস্টেটের বিচারাধীন মামলাসমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
০৮. প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;

স্বাক্ষর:

মুহাম্মদ আবুল কাসেম
সহকারী প্রশাসক (চ.দা.)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।


জনাব শামিম আহমেদ চৌধুরী নোমান
মোতাওয়াল্লী
বোরহান উদ্দিন চৌধুরী ওয়াক্ফ এস্টেট
পিতা-মৃত গোলাম সারওয়ার চৌধুরী
সাং- ও পো:-সাচরা
উপজেলা-বোরহান উদ্দিন, জেলা-ভোলা।
বর্তমান ঠিকানা:-বাসা-৩০(৪এ) রোড নং-৬, সেক্টর-৩
উত্তরা-১২৩০, জেলা-ঢাকা।

স্মারক নং-১৬.০২.০০০০.০৭৫.৩১.৬৮৩.২৬/

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২
০১ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১। জেলা প্রশাসক ও সভাপতি জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, জেলা-ভোলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, উপজেলা-বোরহান উদ্দিন, জেলা-ভোলা।
- ৩। সহকারী প্রোগ্রামার, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। পিএ টু ওয়াক্ফ প্রশাসক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ৫। জনাব জিন্না চৌধুরী গং কর্তৃক গত ০৯.০৯.২০২৫ তারিখের মোতাওয়ালী নিয়োগের আবেদনটি গত ২১.১০.২০২৫ তারিখের আবেদনের মাধ্যমে বাতিল ও তুলে নেয়ায় তা না-মঞ্জুরক্রমে নথিভুক্ত করা হলো। সাং-রামকেশব পো:-বোরহান উদ্দিন-৮৩২০, উপজেলা-বোরহান উদ্দিন, জেলা-ভোলা।
- ৬। জনাব মো: মাহাবুব চৌধুরী গং, সাং- ও পো:- সাচরা, উপজেলা-বোরহান উদ্দিন, জেলা-ভোলা।
- ৭। জনাব মো: জহিরুল হক শাহীন, ওয়াক্ফ পরিদর্শক, বায়তুল খলিল, ২০নং নবগ্রাম রোড, বটতলা, সদর জেলা-বরিশাল।


সহকারী প্রশাসক (চ.দা.)